# AKASHVANI(AIR)

# RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 14-01-2026 Time: 1.30 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, কৃষকরা দেশ গঠনের শক্তিশালী অংশীদার এবং তাদের প্রচেষ্টা আত্মনির্ভর ভারত গড়ে তুলতে বড় ভূমিকা রাখবে।

২) দেশ জুড়ে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে মকর সংক্রান্তি, উত্তরায়ণ, পোঙ্গল ও ভোগালি বিহু উদযাপিত হচ্ছে। পশ্চিমবঙ্গের গঙ্গাসাগরে নেমেছে মানুষের ঢল।

৩) পশ্চিমবঙ্গে নিপা ভাইরাসে আক্রান্ত সন্দেহে আরও দুজনকে বেলেঘাটার আইডি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

৪) আজ সশস্ত্র বাহিনীর Veterans Day। এই উপলক্ষে রাষ্ট্রপতি, প্রতিরক্ষা মন্ত্রী সহ বহু বিশিষ্ট ব্যক্তি শ্রদ্ধা নিবেদন করেছেন।

৫) থাইল্যান্ডে এক ট্রেন দুর্ঘটনায় অন্তত ২২ জনের মৃত্যু। আহত ৩০-এরও বেশি।

৬) ভারত ও নিউজিল্যান্ড আজ একদিনের ক্রিকেট সিরিজের দ্বিতীয় ম্যাচে রাজকোটে মুখোমুখি হয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, কৃষকরা দেশ গঠনের শক্তিশালী অংশীদার এবং তাদের প্রচেষ্টা আত্মনির্ভর ভারত গড়ে তুলতে বড় ভূমিকা রাখবে। তিনি বলেন, কেন্দ্রীয় সরকার কৃষকদের ক্ষমতায়নে প্রতিশ্রুতিবদ্ধ এবং এই লক্ষ্যে নিরলসভাবে কাজ করছে। প্রধানমন্ত্রী আজ নতুন দিল্লিতে কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ড. এল মুরুগানের বাসভবনে আয়োজিত পোঙ্গল উৎসবে অংশ নিয়ে একথা বলেন।

তিনি বলেন, পোঙ্গল উৎসব প্রকৃতি, পরিবার ও সমাজের সঙ্গে ভারসাম্য রক্ষার পথ দেখায়। পোঙ্গল তামিল সংস্কৃতির উজ্জ্বল রূপ এবং প্রকৃতির সঙ্গে মানুষের গভীর বন্ধনকে তুলে ধরে।

(S/B- নরেন্দ্র মোদি)

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মকর সংক্রান্তি, উত্তরায়ণ এবং মাঘ বিহু উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। মকর সংক্রান্তির এই পবিত্র উৎসব সবার জীবনে সুখ, সুস্বাস্থ্য এবং সমৃদ্ধি নিয়ে আসবে বলে সোশ্যাল মিডিয়ার এক পোস্টে শ্রী মোদী আশা প্রকাশ করেন। এই উৎসব একতার বন্ধনকে আরও সুদৃঢ় করবে এবং ইতিবাচকতার বার্তা বহন করবে বয়ে আনবে বলেও কামনা করেন প্রধানমন্ত্রী।

-------------------

এদিকে, মকর সংক্রান্তি উপলক্ষে পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগণার গঙ্গাসাগরে তীর্থযাত্রীদের ঢল নেমেছে। দুপুর একটা উনিশ মিনিট থেকে পূণ্য স্নানের **মাহেন্দ্রক্ষণ** শুরু হওয়ার আগেই লক্ষ লক্ষ মানুষ সাগর-সঙ্গমে স্নান করে কপিল মুনির মন্দিরে পুজো দিচ্ছেন। বিভিন্ন ড্রপ গেটে তীর্থ যাত্রীদের দীর্ঘ লাইন চোখে পড়ছে। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

-------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু দুদিনের সফরে আগামীকাল পাঞ্জাবে যাচ্ছেন। অমৃতসরে গুরুনানকদেব বিশ্ববিদ্যালয়ে সুবর্ণজয়ন্তী সমাবর্তনে তিনি প্রধান অতিথির আসন অলঙ্কৃত করবেন। শুক্রবার রাষ্ট্রপতি জলন্ধরের ডক্টর বি আর আম্বেদকার ন্যাশানাল ইনস্টিটিউট অফ টেকনোলজির ২১ তম সমাবর্তনে এক হাজার ৪৫২ জন ছাত্রছাত্রীকে ডিগ্রি প্রদান করবেন।

এছাড়াও রাষ্ট্রপতি উঁচু একটি স্তম্ভে জাতীয় পতাকা উন্মোচন করবেন। সাইবার নিরাপত্তা এবং ফাইভ জি সংক্রান্ত দুটি উৎকর্ষ কেন্দ্র বা সেন্টার অফ এক্সেলেন্সেরও উদ্বোধন করবেন তিনি।

রাষ্ট্রপতির এই সফর উপলক্ষে অমৃতসর ও জলন্ধরকে নো ফ্লাইং জোন হিসাবে ঘোষণা করা হয়েছে। সমস্ত ড্রোন, হেলিকপ্টার ও উড়ান চলাচল সাময়িকভাবে নিষিদ্ধ করা হয়েছে সেখানে।

------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুন দিল্লিতে *কমনওয়েলথ ভুক্ত দেশগুলির জাতীয় সংসদ অধ্যক্ষদের* ২৮তম অধিবেশন এর সূচনা করবেন। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা এই সম্মেলনের সভাপতিত্ব করবেন। ৪২টি কমনওয়েলথ ভুক্ত দেশের ৬১ জন স্পিকার ও প্রিসাইডিং অফিসার এবং চারটি আধা-স্বায়ত্তশাসিত সংসদের প্রতিনিধিরা এতে অংশ নেবেন। সম্মেলনে সমসাময়িক নানা সংসদীয় বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হবে। এর মধ্যে রয়েছে— সংসদীয় কার্যক্রমে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার, সংসদ সদস্যদের ওপর সামাজিক মাধ্যমের প্রভাব প্রভৃতি।

------------------

পশ্চিমবঙ্গে নিপা ভাইরাসে আক্রান্ত সন্দেহে আরও দুজনকে বেলেঘাটার আইডি হাসপাতালে ভর্তি করা হয়েছে। ইতোমধ্যেই যে দুজন নার্স এই রোগে আক্রান্ত, তাদের সংস্পর্শে আসার কারণেই আক্রান্ত সন্দেহে এই দুজনকে হাসপাতালে ভর্তি করা হল বলে আইডি হাসপাতাল সূত্রে জানা গেছে। এছাড়াও স্বাস্থ্য দপ্তর আক্রান্ত ঐ দুজনের সংস্পর্শে যারা যারা এসেছেন, তাদের হদিশ পাওয়ার জন্য কন্টাক্ট ট্রেসিং করছে। প্রায় ৫০ জনের নমুনা সংগ্রহ করে তা পরীক্ষার জন্য পুণেতে পাঠানো হয়েছে।

আগেই জানানো হয়েছে, রাজ্যে নিপা ভাইরাসে আক্রান্ত দুই স্বাস্থ্যকর্মীকে বারাসাতের হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে রাখা হয়েছে। তাদের নমুনা পরীক্ষার রিপোর্ট পজিটিভ এসেছে বলে পুনের ন্যাশনাল ইনস্টিটিউট অফ ভাইরোলজি সূত্রে জানা গেছে। ওই দুই স্বাস্থ্যকর্মীর অবস্থা অত্যন্ত সঙ্কটজনক বলেও জানা গেছে।

এদিকে, আগাম সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে বেলেঘাটা আইডি হাসপাতালে ১০ টি এমার্জেন্সি শয্যা এবং ওয়ার্ডে ৬৮ টি শয্যা প্রস্তুত রাখা হয়েছে। একইসঙ্গে ওই হাসপাতালে একটি বিশেষ আইসোলেশন ওয়ার্ড খোলার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্বাস্থ্য দফতর সূত্রে জানানো হয়েছে, নিপা আক্রান্ত বা সন্দেহভাজনদের চিকিৎসার জন্য এই হাসপাতালের একটি পুরো তল বা 'ফ্লোর' নির্দিষ্ট করা হচ্ছে। দ্রুততার সঙ্গে প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জাম দিয়ে এই ওয়ার্ডটিকে সাজিয়ে তোলার কাজ শুরু হয়েছে।

-------------------

ভোট পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের কর্ণধার প্রতীক জৈনের কলকাতার লাউডন স্ট্রীটের বাড়ি ও সল্টলেকের অফিসে ইডির তল্লাশিতে মুখ্যমন্ত্রীর বাধা দেওয়ার অভিযোগে কলকাতা হাইকোর্টে দায়ের হওয়ায় মামলার শুনানি হবে আজ। বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চে দুপুর আড়াইটেয় শুরু হবে শুনানি। পুরো প্রক্রিয়া লাইভ স্ট্রিমিং

করা হবে বলে হাইকোর্টের তরফে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির আদেশানুসারে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। শুনানি চলাকালীন এজলাসে মামলার সঙ্গে যুক্ত আইনজীবীরা ছাড়া অন্য কেউ প্রবেশ করতে পারবেন না বলেও জানানো হয়েছে।

এর আগে, মুখ্যমন্ত্রী জোর করে নথিপত্র ছিনিয়ে নিয়েছেন - এই অভিযোগ নিয়ে হাইকোর্টের বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চের দ্বারস্থ হয় ইডি। গত শুক্রবার এজলাসে চরম বিশৃঙ্খলার কারণে বিচারপতি শুভ্রা ঘোষ শুনানির দিন পিছিয়ে দেন। একইসঙ্গে আইপ্যাকের তরফেও মামলা দায়েরের অনুমতি চাওয়া হয়।

উল্লেখ্য, ইতোমধ্যেই ইডির তরফে বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্টে আবেদন জানানো হয়েছে। রাজ্য সরকারের তরফেও দায়ের করা হয়েছে ক্যাভিয়েট।

-------------------

দেশের অন্যান্য রাজ্যের সঙ্গে পশ্চিমবঙ্গ ও উত্তরপূর্বের রাজ্যগুলির যোগাযোগ ব্যবস্থা উন্নত করার লক্ষ্যে এরাজ্য ও অসম থেকে মোট ৯ টি অমৃত ভারত এক্সপ্রেস চালু হতে চলেছে বলে রেলমন্ত্রক জানিয়েছে। ট্রেনগুলি হল, সাঁতরাগাছি তামবারাম, হাওড়া আনন্দবিহার টার্মিনাল, শিয়ালদা বেনারস, নিউ জলপাইগুড়ি নাগেরকোয়েল, নিউ জলপাইগুড়ি তিরুচিরাপ্পাল্লি, আলিপুরদুয়ার SMVT বেঙ্গালুরু, আলিপুরদুয়ার পানভেল, গুয়াহাটি রোহতক এবং ডিব্রুগড় গোমতিনগর অমৃত ভারত এক্সপ্রেস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি চলতি সপ্তাহেই এই ট্রেনগুলির যাত্রার সূচনা করবেন।

-------------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা ‘বিশ্বের চোখে ভারত’। বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকারের সঙ্গে কথা বলেছেন দিব্য দে ।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

-------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ *আর্মড ফোর্সেস ভেটেরান্স ডে* উপলক্ষে প্রাক্তন সেনানীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমের একটি পোস্টে রাষ্ট্রপতি বলেছেন, প্রাক্তন সেনানীদের অটল সাহস প্রতিটি ভারতীয়কে অনুপ্রাণিত করে। *ভেটেরান্স ডে* এবং *আর্মড ফোর্সেস ফ্ল্যাগ ডে* শুধু সাহসী সৈনিকদের প্রতি শ্রদ্ধা জানানোর জন্যই নয়, বরং তাদের পাশে দাঁড়ানোর উপলক্ষ।

-------------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, সশস্ত্র বাহিনীর প্রবীণ যোদ্ধারা জাতীয় চেতনার স্তম্ভ, সম্মিলিত সাহসের প্রতীক এবং আগামী প্রজন্মের জন্য অনুপ্রেরণার উৎস। আজ নতুন দিল্লীতে *আর্মড ফোর্সেস ভেটেরান্স ডে* অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, প্রাক্তন সেনানীরা দেশ গঠনের প্রতিটি ক্ষেত্রে অবদান রাখেন এবং শৃঙ্খলা, নেতৃত্ব ও সাহসের মাধ্যমে সমাজকে পথ দেখান।

-------------------

জম্মু কাশ্মীরের সেনাবাহিনী, রাজৌরি জেলায় গতসন্ধ্যায় নিয়ন্ত্রণ রেখার ওপার থেকে ভারতীয় ভূখন্ডে ঢুকে পড়া বেশ কয়েকটি সন্দেহভাজন পাকিস্তানি ড্রোন ধ্বংস

করার জন্য গুলি বর্ষণ করেছে। চিঙ্গাস এলাকার দুঙ্গাগালা দিয়ে ঐ পাকিস্তানি ড্রোনগুলি ভারতীয় ভূখন্ডে ঢুকে পড়ে। সেনাবাহিনী তা দেখা মাত্রই গুলি চালানোর পরেই ড্রোনগুলি অদৃশ্য হয়ে যায়। সম্ভবত সেগুলি আবারও পাকিস্তানের দিকেই ফিরে গেছে বলে মনে করা হচ্ছে।

এছাড়াও সেনাবাহিনী গতকাল সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ ধেরিধারা গ্রামের ওপর দুটি ড্রোন দেখতে পায়। মাঞ্জাকোট সেক্টর দিয়ে সেগুলি পাক অধিকৃত কাশ্মীরে ফিরে যায় বলে মনে করা হচ্ছে।

প্রতিরক্ষা মন্ত্রক সূত্রে জানা গেছে, নিয়ন্ত্রণ রেখা এলাকায় ড্রোনের গতিবিধি নজরে আসার পর সেনাবাহিনী তা প্রতিহত করতে আকাশ পথে আমম্যানড এরিয়াল সিস্টেম ব্যবহার করে। চালানো হয় তল্লাশিও। তবে ঐ ড্রোনগুলি থেকে কোনোকিছু নীচে নিক্ষেপ করা হয়নি বলে তল্লাশিতে সুনিশ্চিতভাবে জানা গেছে।

উল্লেখ্য গত রবিবারেও নৌসেনা সেক্টরে প্রহরারত বাহিনী গানিয়া কালসিয়া গ্রামের ওপর ড্রোনের গতিবিধি নজর করে মেশিনগান চালায়। একই দিনে তেরিয়াথের খাব্বার গ্রাম, রাজৌরির কালাকোট, পুঞ্চ জেলার মানকোটার তাঁইটোপা এবং সাম্বা জেলার রামগড় সেক্টরে চাকবাবরাল গ্রামে ড্রোন উঠতে দেখা যায়।

------------------

বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, জাতীয় হলুদ পর্ষদ কৃষকদের ক্ষমতায়ন এর পাশাপাশি বিশ্বব্যাপী হলুদ রপ্তানি বাড়াচ্ছে। বোর্ডের এক বছর পূর্তিতে এক অনুষ্ঠানে তিনি জানান, হলুদের উৎপাদন বৃদ্ধিতে উল্লেখযোগ্য অগ্রগতি

হয়েছে। কৃষকদের সহায়তা, ব্যবসায়ী ও রপ্তানিকারকদের জন্য নতুন সুযোগ সৃষ্টি এবং দেশের সমৃদ্ধি সারা বিশ্বের সঙ্গে ভাগ করে নেওয়ার জন্য পর্ষদ কে শুভেচ্ছা জানান।

-------------------

ভারতীয় আবহাওয়া দপ্তর – আই এম ডি আজ দিল্লি, হরিয়ানা, চণ্ডীগড় এবং পাঞ্জাবে তীব্র শৈত্যপ্রবাহের পূর্বাভাস দিয়েছে। সেখানকার বাতাসে ঘন থেকে অতি ঘন কুয়াশা থাকবে। হিমাচল প্রদেশ, উত্তরাখণ্ড, ঝাড়খণ্ড, ওড়িশা এবং রাজস্থানেও শৈত্যপ্রবাহের পূর্বাভাস দেওয়া হয়েছে। এদিকে, আসাম, মেঘালয়, বিহারে সকালে ঘন কুয়াশা থাকতে পারে। আইএমডি অনুসারে, জম্মু-কাশ্মীর, লাদাখ, গিলগিট, বাল্টিস্তান এবং মুজাফফারাবাদেও একই ধরনের পরিস্থিতি থাকবে বলে আই এম ডি জানিয়েছে।

-------------------

নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকার ছাড়া বাংলাদেশে সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন সম্ভব নয় বলে বাংলাদেশের বিশিষ্ট অর্থনীতিবিদ ও নাগরিক সমাজের অন্যতম নেতা ড. বাদিউল আলম মজুমদার বলেছেন। বরিশালে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় তিনি সতর্ক করে বলেন, নির্বাচন এর জন্য প্রস্তুতি গতি পেলেও এখনো বড় ঝুঁকি রয়ে গেছে। রাজনীতিবিদ ও তাদের মনোনীত প্রার্থীরা দায়িত্বশীল আচরণ না করলে এই সম্পূর্ন প্রক্রিয়া বিপথে চালিত হতে পারে বলেও তিনি অভিমত প্রকাশ করেন।

-------------------

ইরানে সরকারবিরোধী বিক্ষোভে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২ হাজার ৫ শো ৭১। মার্কিন মানবাধিকার সংক্রান্ত এক সংবাদ সংস্থা একথা জানিয়েছে।

সংস্থাটি জানিয়েছে, ২ হাজার ৪ শো ৩ জন প্রতিবাদী ও ১ শো ৪৭ জন সরকারি কর্মী মারা গেছেন। ১২ জন শিশু সহ প্রতিবাদে অংশগ্রহণ না করা ৯ জন সাধারণ মানুষেরও মৃত্যু হয়েছে। এখনও অব্দি ১৮ হাজার ১ শো জনকে আটক করা হয়েছে।

এদিকে, চীন ইরানে স্থিতাবস্থা বজায় রাখার প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছে, চীনের বিদেশ মুখপাত্র লিন জিয়ান আজ একথা বলেন।

-------------------

থাইল্যান্ডে মর্মান্তিক ট্রেন দুর্ঘটনায় অন্ততঃ ২২ জন নিহত এবং ৩০ জনের বেশি আহত হয়েছেন। ব্যাংকক থেকে দেশের উত্তর-পূর্বাঞ্চলের দিকে সফররত ট্রেনের একটি কোচের ওপর নির্মাণকাজের ব্যবহৃত একটি ক্রেন ভেঙে পড়লে এই দুর্ঘটনা ঘটে। রাজধানী ব্যাংকক থেকে প্রায় ২৩০ কিলোমিটার দূরে রাচাসিমা প্রদেশের সিখিও জেলায় এই দুর্ঘটনা ঘটে। থাইল্যান্ডের পরিবহনমন্ত্রী ফিপাত রাচাকিতপ্রাকর্ন বলেছেন, দুর্ঘটনার সময় ট্রেনে প্রায় ১৯৫ জন যাত্রী ছিলেন।

-------------------

রাজকোটের সৌরাষ্ট্র ক্রিকেট অ্যাসোসিয়েশন স্টেডিয়ামে আজ একদিনের ক্রিকেট সিরিজের দ্বিতীয় ম্যাচে ভারত, নিউজিল্যান্ডের মুখোমুখি হয়েছে। টসে জিতে নিউজিল্যান্ড, ভারতকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে।

------------------- -------------------